

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ ও ৫ম তলা)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
ফ্যাক্স: ০২-৫৮৩১৫৮০৪, ওয়েবসাইট: www.ntrca.gov.bd  
ই-মেইল: ntrca2005@yahoo.com

ঢাকা, ০৪ জুন ২০১৭:

ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৬ এর লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ প্রার্থীদের  
চূড়ান্ত ফলাফল সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক বিগত ১২ ও ১৩ আগস্ট ২০১৬ তারিখে গৃহীত ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন লিখিত পরীক্ষায় ১৮৯৭৩ জন প্রার্থী উত্তীর্ণ হন। উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে স্কুল-২ পর্যায়ে ৪২৫ জন, স্কুল পর্যায়ের ১৩১৬৬ জন এবং কলেজ পর্যায়ের ৪৪৩৪ জনসহ মোট ১৪০০৯ জন মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেন। লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত ফলাফল অদ্য ৪ জুন ২০১৭ তারিখ বিকাল ৩:০০ টায় আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়।

স্কুল-২ পর্যায়ে পুরুষ ২৭৪ জন ও মহিলা ১৪৭ জনসহ মোট ৪২৫ জন, স্কুল পর্যায়ে পুরুষ ৪২৫৬ জন ও মহিলা ৪১৭২ জনসহ মোট ৮৪২৮ জন এবং কলেজ পর্যায়ে পুরুষ ২৪৭৫ জন ও মহিলা ১৫০৬ জনসহ মোট ৪৩৮১ জন প্রার্থী উত্তীর্ণ হয়েছেন। চূড়ান্তভাবে সর্বমোট ১৭২৫৪ জন প্রার্থী ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। উল্লেখ্য, ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় স্কুল পর্যায়ে ২৩টি, স্কুল-২ পর্যায়ে ১৯টি এবং কলেজ পর্যায়ে ৩৫টি সহ সর্বমোট ৭৭টি বিষয়ে পরীক্ষা গ্রহণ করা হয়।

পরীক্ষার ফলাফল <http://ntrca.gov.bd> এবং <http://ntrca.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে জানা যাবে। তাছাড়াও টেলিটক বিডি লিঃ কর্তৃক SMS-এর মাধ্যমে কৃতকার্য প্রার্থীদের ফলাফল জানিয়ে দেওয়া হবে।

(এ. এম. এম আজহার)  
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)  
এনটিআরসিএ, ঢাকা।